

তসবির

সৌ ভি ক ব ন্দ্যা পা ধ্যা য়

ঘুমন্ত তসবির থেকে জেগে ওঠে সোনাবুরিতলা।  
লক্ষ্মণ বাউলের মুখে শেষ বিকেলের আলো,  
দোতারায় বেজে ওঠে খোয়াই-সংগীত।  
রাঙা ধুলোয় পটচিত্র ভাসে, উড়ে আসে  
আমাদের অমলিন বন্ধু-ইশারা।

সে কোনও এক বছরের কথা,  
হর্ষিতা পান্ডের আধভাঙ্গা বাংলার সুর ছিল,  
আর ছিল মৃদু অভিমান,  
খোলা পিঠে লেখা ছিল—‘এইদিকে কলাভবন,  
আজ বৃষ্টি নামবে, ভুবনভাঙ্গায়...’

মেঘের বাগানবাড়ি, হাওয়ায় দুলে ওঠা গাছেদের চিঠি,  
দেওয়ালের ঘুমন্ত তসবির থেকে  
জেগে ওঠে অন্য গ্রহের মুখ, বাইসাইকেল  
আর অপহৃত বিকেলের ঘ্রাণ...

নিজ্বুম দুনিয়ায় একদিন  
এইভাবে বেঁচে ওঠে অপ্রাকৃত সোনাবুরিতলা।

কাদামাটি

প্র শা স্ত স র কা র

কলঙ্কজল জানে পদ্যের সুরভি সোহাগ  
হুবুহু ভ্রমর যেন  
কাছে এসে ছুঁয়েছে রঙিন  
আর নেশা তার ঝরে গেছে  
অমায়িক, সাঁতারে সাঁতারে  
ভাসমান...

অথচ তেমন জলজ বলে কিছু নেই  
সুপ্রাচীন পাথর গায়ে এমনই উদ্ভাস্ত-গাছ  
সুবাস ছিল না  
তবু সাঁওতাল মেয়েদের গায়ে দ্যাখো  
উষ্ণির বেমানান ফুল ফুটে আছে..

পাগলের ডাইরি থেকে

রঙ্গী ত মিত্র

১  
পরিবর্তনের ভিতর আমি ইজিস্ট।  
রাজনীতিতে কিউবা।

আমার ঘুম ভাঙে  
উচ্ছ্বাসের শব্দে।

মধ্যরাতে যখন বাড়ির সব  
আলো নিভে যায়  
তখন আকাশের কাছে এসে দেখি  
নক্ষত্ররা কেউ সাম্রাজ্য বদল  
করছে না।

২  
সবকিছুকেই নিজের  
নিয়ন্ত্রণাধীন করতে গিয়ে  
‘বারাক ওবামার মুখ হয়ে ওঠে  
আমার মুখ’  
যেখানে আমিও ওবামার মতো  
নিজেই ক্ষমতার উৎস হতে গিয়ে  
দু-মুখো সাপ হয়ে গেছি।